1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

[redacted]

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pargs. (N)

মং ২০,০০০ , কুড়ি হাজার টাকা পণে
স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা
*******************************

সাফ কোবালা ক্রেতা :-
**************

শ্রী প্রশান্ত কুমার দাস , পিতা মৃত সুধীর কুমার দাস , জাতি হিন্দু , পেশা - চাকুরী , সাং - ৪২ নং মহাজাতি রোড , নলতা , থানা দমদম , কলিকাতা - ২৮ ।

সাফ কোবালা বিক্রেতা :-
****************

শ্রী দেবব্রত কুমার দাস , পিতা মৃত সন্তোষ কুমার দাস , জাতি - হিন্দু , পেশা - অধ্যয়ন , সাং - নলতা , থানা - দমদম , কলিকাতা - ২৮ ।

ক্রমশ .....

3

21 APR 1994

135 Value 1000/-
Sold to Prasanta Kr. Das
Address Nalta Cal-28
Vendor
SEALDAH CIVIL COURT

Certified that a single st[...] valued at Rs. 2000/- requ[...] document is not available and [...] smaller number of stamps whic[...] furnish so as to make up this re[...] number is as follows-

1000/-
1000/-
1000/-

12.30


[redacted] 21st April/1994 [redacted]

Debabrata Kr Das

Additional District Sub-Registrar
Sealdah, Dum Dum, Dist-24 Pgs. (N)

Debabrata Kr Das
S/o Lt Santosh Kr Das
[redacted]
Nalta Dum Dum
Cal 28
[redacted]

দেবব্রত কুমার দাস



দেবব্রত কুমার দাস

Bipul Mitra
[redacted]
Bibhuti Bh. Mitra
Durganagar
Dum Dum
Cal-65
[redacted]

Bipul Mitra

Additional District Sub-Registrar
Sealdah, Dum Dum, Dist-24 Pgs. (N)

500Rs.

INDIA NON JUDICIAL

५०० रु. Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

(২০)

কর্ত্ত সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগণা, থানা দমদম, সবরেজিষ্ট্রী মোং কাশীপুর দমদম ও কলিকাতা পরগণাস্থিত মৌজা সুলতানপুর গ্রামে ১৭২।১৭৩ নং তৌজী ভুক্ত বর্তমান মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুর অধিকারে ১৭২ নং তৌজীর অন্তর্গত ১৮৩ নং খতিয়ান ভুক্ত .৭৫ শতক জমি ও ১৭৩ নং তৌজী ভুক্ত ৮৫২ নং খতিয়ান ভুক্ত ৫.৯৪ শতক জমি একুনে পরস্পর দুইটী সামিল খতিয়ান ভুক্ত ৬.৬৯ শতক জমির বাত বার্ষিক ২১ টাকা ১ আনা করের জমার হাল রিভিসনাল সেটেলমেণ্টের ১৬৬৪নং খতিয়ান ভুক্ত .৩৪ শতক জমির বাত বার্ষিক ১ টাকা ১৪ আনা করের জমিজমা মধ্যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি যাহা আমি অত্র দলিলের দাতা আমার পূর্ব্বাধিকারী

পিতা ......

636. 5001/- 21 APR 1994

No. ........ Value ........

Date ........

Sold to Prasanta Kr. Das.

Address Nalta Am. 28.

Vendor ........

SEALDAH CIVIL COURT

( Alok Chakraborty )

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pgs. (N)






পিতা শ্রী সন্তোষ কুমার দাস বিগত ইংরাজী ৭.২.১৯৬৪ তারিখে মোং কাশীপুর দমদম দমদম সবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৭ নং ভলুমের ৭৭ — ৮১ নং পাতায় নকলকৃত ৫৯১ নং একক্তো রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে শ্রী কালীপদ গুহ মহাশয়ের নিকট হইতে খরিদ করি ও ঐ মৌজায় ঐ তৌজী ভুক্ত ঐ মালেকাধীন ৮৪৭ নং খতিয়ানের সামিল ১৮৫ নং খতিয়ানের জমি সহ ১৫.১১ শতক জমি বার্ষিক ২১ টাকা ১৫ আনা ৩ পাই টাকা করের জমার মধ্যে ১৮৫ নং দাগের নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি যাহা আমার পিতা শ্রী সন্তোষ কুমার দাস মহাশয় বিগত ইংরাজী ১১.২.১৯৫৪ তারিখে মোং কাশীপুর দমদম সবরেজিষ্ট্রী - অফিসের ১ নং বহির ৮৪৮ নং একক্তো রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে শ্রী নিরোদ রঞ্জন দে মহাশয়ের নিকট হইতে খরিদ করেন , এবং হাল রিভিসনাল সেটেলমেন্ট জরীপে উঁহার নামে ২২৫৮ নং খতিয়ানে রেকর্ড হয় । এইরূপে তিনি উহা খরিদ করিয়া উহাতে গৃহাদী নির্ম্মাণে - ভোগদখল করিতে থাকাকালে বিগত ইংরাজী ১৯৯৩ সালে মোং কাশীপুর দমদম সবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৫৮৫৫ নং একক্তো রেজিষ্ট্রীকৃত ডিড অফ সেটেলমেন্ট দলিল আমার নাম বরাবর -

637 5001/- 21 APR 1994

No. ........ Value ........

Date ........

Sold to ........ Prasanta Kr. Das.

Address ........ Nalta. Cal. 28.

Vendor ........

SEALDAH CIVIL COURT

Additional District Sub-Registrar

Cossipore, Dum Dum, Dist-24 Pgs. (N).

সম্পাদন স্বীকারে রেজিষ্ট্রী করিয়া দেন । তৎপরে তিনি পরলোক গমন করিলে উক্ত সেটেল - মেন্টের সর্তানুযায়ী আমি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া হইয়া খাসে ভোগ দখল করিয়া আসিতেছি । যাহা আমার দান , বিক্রয় হস্তান্তর করিবার উত্তম নির্ব্যূঢ় স্বত্বাধিকার বর্তমান আছে ।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারণ বশত: নগদ টাকার বিশেষ আবশ্যক হেতু নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ০ - ৬ - ০ ছয় ছটাক পরিমিত স্থান মায় তদুপরিস্থিত - একটি টালির ঘর সহ ও যাবতীয় রাস্তার বর্ত্মস্বত্ব ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি উক্ত কোবালা ক্রেতা তাহা জানিতে পারিয়া উহা উচিত মূল্যে খরিদ করিতে সম্মত হওয়ায় সর্ব্বোচ্চ বাজার দর মূল্য ২০,০০০ , কুড়ি হাজার টাকা পণে অদ্য তারিখে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় উক্ত সম্পত্তি আপনার নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং উহাতে খাস দখল দিলাম ।

আপনি অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্বাধিকারী হইয়া মালিকান সরকারে ও স্থানীয় পঞ্চায়েত অফিসে আপনার নিজ নাম পত্তন করিয়া নিরূপিত করাদি আদায় দিয়া দান , বিক্রয়াদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরের ক্ষমতাযুক্তে পুত্র , পৌত্রাদি - ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে যদৃচ্ছা ভোগ দখল করিতে থাকুন । কস্মিনকালে আমি মায় ওয়ারিশান গণক্রমে উক্ত বিক্রীত সম্পত্তির উপর কেহ কোন প্রকার দাবী দাওয়া করে বা করি তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবে ।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে দান , বিক্রয় বা কোন প্রকার দায় সংযুক্ত করি নাই বা উহা কাহারও জামিন দায়ে আবদ্ধ নাই বা উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে বা আমি কাহারও বেনামদার নহি বা সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক নোটিশ জারী হয় নাই বা উহা ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pgs. (N.)

নহে বা উহা কোন দেব সেবায় বা ট্রাষ্ট ফাণ্ডে অর্পিত হয় নাই , উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে তদবস্থায় অদ্য আপনার নিকট সাফ বিক্রয় - করিলাম ।

যদি ভবিষ্যতে বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইয়া আমার সত্ত্ব দখলের দোষে আপনার খরিদা সত্ত্ব দখলের কোনরূপ বিঘ্ন ঘটে তাহা হইলে প্রচলিত আইন আমলে আসিব ও মূল্যের লিখিত টাকা ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে এককালীন ফেরৎ দিতে বাধ্য রহিলাম ।

উক্ত বিক্রীত সম্পত্তি সংক্রান্ত দলিলে কোন ভ্রম থাকা প্রকাশ পাইলে তাহাও - সংশোধনার্থে যে কোন দলিল আপনার খরচায় করিয়া দিতে স্বীকৃত রহিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের লিখিত সমুদয় টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া পাইয়া অত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪০১ সালের - ৮ই বৈশাখ — ইংরাজী ১৯৯৪ সালের - ২২শে এপ্রিল ,

উপশীল সম্পত্তির পরিচয় :-

জেলা উত্তর ২৪ পরগণা , থানা দমদম , সবরেজিষ্ট্রী মোং কাশীপুর দমদম ও কলিকাতা পরগণাস্থিত মৌজা সুলতানপুর গ্রামে জে.এল. নং ১০ , রে.সা. নং ১৪৮, তৌজী ১৭০ নং , প্রজার সাবেক ৮৪৭ নং হাল ২২৫৮ নং খতিয়ান ভুক্ত রায়ত দখলী সত্ত্ব বিশিষ্ট -

সাবেক ১৮৫ হাল $\frac{১৮৫}{৮৮৩}$ একশত পঁচাশী বাটা আটশত তিরাশী দাগস্থিত অত্রসহ নকসায় দর্শিত লাল রেখার দ্বারা চিহ্নিত ও সীমাবদ্ধ 'এফ।১' নং প্লট ভুক্ত কমবেশ ০ - ৬ - ৩০ ছয় ছটাক ত্রিশ বর্গফুট স্থান যায় একটি টালির ঘর সহ ও যাবতীয় রাস্তার বর্ত্মসত্ত্ব ও সর্ব্ব প্রকার ইজমেন্ট সত্ত্বাদি সহ বিক্রীত সম্পত্তি হইতেছে । ইলেকট্রিক কনজুমার নং: 48123064001.
সন্তোষ কুমার ঘোষের নামে আছে।

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pgs. (N)

যাহার চৌহদ্দী :-
***************

উত্তরে :- প্লট নং 'ডি', তৎপরে অঞ্চল রোড ।

দক্ষিণে :- ৪' ফুট কমন প্যাসেজ ।

পূর্ব্বে :- প্লট নং 'জি' ।

পশ্চিমে :- প্লট নং 'এফ' ।

অত্রসহ নকসা দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্য্যকরী হইবে ।

টাকার জায় :-
*************

১০০ একশত টাকার নোট হিসাবে ২০০ কেতায় ..... ২০,০০০.০০ টাকা ।

মং কুড়ি হাজার টাকা মাত্র ।

দেবব্রত কুমার দাস

দলিল প্রস্তুত কারক :-
*************

Deed Prepared by
TUSAR KANTI GHOSH
having License No. XI – 31.
of 1985 Under @ Dum Dum SRO.
Tusar Kanti Ghosh
Signaturer of the deedwriter

টাইপকারক :-
*********
P. Mitra
পিন্টু মিত্র,
কাশীপুর দমদম,

ইসাদী :-
**********

১। Bipul Mitra
Durganagar
Cal-65

২। Tusar Kanti Ghosh
62/1 R. C. Ghosh Road
Cal-28.

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pgns. (N)

# DIED OF SETELMENT.


S. DAG NO. 185/883. IN MOUZA SULTANPUR. J.L. NO. 10.

148. TOUZI NO. 173. KHATION NO. 2258.

UNDER. SULTANPUR II NO GRAM PANCHAYET.

P.S. DUMDUM. DT. 24 PARGANAS (N)

SCALE. 20F = 1" Line




NOTE

AREA OF PLOT NO. F/I. MARK RED

BENEFICERY. PRASHANTAKUMAR DAS.

LAND WITH ROOM = 6CH. 30 S.F.T. (M&LESS)

DRAWN BY

Chakraborty.

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pgns. (N)

Pasted to page 207
I
26
1102
94

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, Dist-24 Pgns. (N)

27.6.97